



ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ
ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়
জনতথ্য বিভাগ



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.১১৩.১০৩.০০.০০.০৮৪.২০১৭/৮৩২

তারিখ: ০৯/০৯/২০২১

প্রেস বিজ্ঞপ্তি

গন্দৰ্বপুর পানি শোধনাগারের প্যাকেজ ৩.১ এর 'সরবরাহ পাইপলাইন শক্তিশালীকরণ'
(Package 3.1: Distribution Reinforcement Pipeline) শীর্ষক চুক্তিস্বাক্ষর



বৃহস্পতিবার, ০৯ সেপ্টেম্বর, ২০২১ তারিখে স্থানীয় একটি হোটেলে গন্দৰ্বপুর পানি শোধনাগারের প্যাকেজ ৩.১ এর 'সরবরাহ পাইপলাইন শক্তিশালীকরণ' (Package 3.1: Distribution Reinforcement Pipeline) শীর্ষক চুক্তিস্বাক্ষর অনুষ্ঠিত হয়। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব জনাব হেলালুদ্দীন আহমদ এবং ঢাকা ওয়াসার বোর্ড এর সন্মানিত চেয়ারম্যান ডঃ প্রকৌশলী গোলাম মোস্তফা বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক ও সিইও প্রকৌশলী তাকসিম এ খান চুক্তিস্বাক্ষর অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি), ইউরোপিয়ান ইনভেষ্টমেন্ট ব্যাংক, এএফডি (ফেন্ড ডেভেলপমেন্ট এজেন্সি) সহ বিভিন্ন উন্নয়ন সহযোগি সংস্থার প্রতিনিধিবৃন্দ, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়াসহ ঢাকা ওয়াসার উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক ও সিইও প্রকৌশলী তাকসিম এ খান এবং China Geo-Engineering Corporation, Bangladesh Office এর Deputy Chief Representative Mr. Yang Zhenyu নিজ নিজ পক্ষে চুক্তিপত্র স্বাক্ষর করেন।

মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম এবং স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব জনাব হেলালুদ্দীন আহমদ ঢাকা ওয়াসার বিভিন্ন উন্নয়ণমূলক কর্মকাণ্ডের ভূয়সী প্রশংসা করেন এবং বর্তমান সরকারের মূলনীতির সাথে সমন্বয় করে ঢাকা ওয়াসাকে দক্ষিণ এশিয়ার 'রোল মডেল' করার জন্য ঢাকা ওয়াসা ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন।

১৫ সেপ্টেম্বর, ২০২১

এ. এম. মোস্তফা তারেক
উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা
ঢাকা ওয়াসা।